# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 21-01-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) আর জি কর কাণ্ডে নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। আর জি কর কান্ডের রায়ে মুখ্যমন্ত্রী সন্তুষ্ট নন বলে জানিয়েছেন। অন্যদিকে, বিজেপির অভিযোগ, রাজ্য সরকার দোষী সাব্যস্ত সঞ্জয় রায়ের মুখ বন্ধ করতে চাইছে।

২) মুখ্যমন্ত্রী আজ মালদায় বহু মানুষের হাতে সরকারি পরিষেবা তুলে দিয়েছেন।

৩) সরকারি প্রকল্পের অগ্রগতির ওপর নজরদারি চালাতে রাজ্য সরকার বিশেষ পোর্টাল চালু করেছে।

৪) কলকাতা মেট্রোর গ্রীন লাইনে আজ শিয়ালদা থেকে এসপ্ল্যানেড স্টেশন পর্যন্ত প্রথম পরীক্ষামূলকভাবে ট্রেন চালানো হয়েছে।

৫) পশ্চিম বর্ধমানের সালানপুরে পাইপ বসানোর কাজ করতে গিয়ে আজ মাটি চাপা পড়ে তিনজন শ্রমিকের মৃত্যু হয়েছে।

৬) ইডেনে আগামীকাল ভারত ও ইংল্যান্ড টি টোয়েন্টি ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচে মুখোমুখি হবে।

৭) ) আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট চেন্নাইয়ান এফসির মুখোমুখি হয়েছে।

--------------------------------------------------------------------------------------

আর জি কর কাণ্ডে নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার। দুই বিচারপতি দেবাংশু বসাক এবং মহম্মদ শব্বর রশিদির ডিভিশন বেঞ্চে আজ তারা মামলা দায়েরের অনুমতি চায়। ডিভিশন বেঞ্চ সেই অনুমতি দিয়েছে।

উল্লেখ্য নিম্ন আদালতের রায়ে অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকালই হাইকোর্টে আবেদন জানানোর কথা বলেন। আগেই জানানো হয়েছে, RG KAR-এ তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় একমাত্র ধৃত সঞ্জয় রায়কে শিয়ালদা আদালত, গতকাল আমৃত্যু কারাদন্ড দেয়।

আজ মালদায় আর জি কর প্রসঙ্গে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেন, কেউ যদি দানবিক, পৈশাচিক হয় তার জন্য কি করে মানবিক হওয়া সম্ভব নয়। আর জি কর কান্ডের রায় তাঁর পছন্দ হয়নি বলেও তিনি মন্তব্য করেন এবং প্রথম দিন থেকেই তিনি অপরাধীর ফাঁসি চেয়েছেন।

বাইট মমতা

এদিকে, রাজ্য সরকার, আর জি কর কান্ডে অভিযুক্ত সঞ্জয় রায়ের মুখ বন্ধ করতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, এই ঘটনায় মূল অভিযুক্তের সর্বোচ্চ সাজা হোক তা বিজেপিও চেয়েছিল। তবে সঞ্জয় রায়কে নিয়ে রাজ্য সরকারের এত তাড়াহুড়ো

সন্দেহজনক। তিনি আরও বলেন, আর জি করের ঘটনায় সঞ্জয় রায় প্রকৃত দোষী বা তার সঙ্গে অন্য কেউ জড়িত কিনা সে বিষয়ে তার বক্তব্য সংশয় তৈরি করেছে। তাই মুখ্যমন্ত্রী ও শাসক দল ভয় পেয়ে গেছে। রাজ্য সভাপতি আরও বলেন, এই ঘটনায় যারা জড়িত তাদের প্রত্যেকের কঠোর শাস্তি হওয়া উচিত।

বাইট সুকান্ত

পরে এক সাংবাদিক বৈঠকে রাজ্য সভাপতি অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেস এই মামলায় সিবিআই-এর ব্যর্থতা নিয়ে সরব হয়েছে। তবে আদালতের রায়ের প্রতিটি লাইনে আর জি করের ঘটনায় যেভাবে পুলিশের ভূমিকার নিন্দা করা হয়েছে,তাতে পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর লজ্জা পাওয়া এবং ক্ষমা চাওয়া উচিত।

আর জি করের ঘটনায় গতকাল বিচারের নামে প্রহসন হয়েছে বলে SUCI communist অভিযোগ করেছে। অভয়ার ন্যায় বিচার সহ জন জীবনের বিভিন্ন দাবি দাওয়া নিয়ে আজ হেদুয়া পার্ক থেকে এসপ্ল্যানেড পর্যন্ত যাওয়া মিছিলে যোগ দিয়ে দলের সাধারণ সম্পাদক প্রভাষ ঘোষ এই অভিযোগ করেন। দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য বলেন, কেন্দ্র এবং রাজ্য সরকারের যোগসাজশে অভয়ার ন্যায়বিচারের জায়গায় বিচারের নামে কার্যত প্রহসন হল।

---------------------

তিন জেলা সফরের দ্বিতীয় দিনে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মালদায় সরকারি পরিষেবা প্রদান অনুষ্ঠানে যোগ দেন। সেখানে তিনি উপভোক্তাদের বিভিন্ন পরিষেবা প্রদান করেন। তিনি বলেন, দু লক্ষ মানুষের কাছে সমস্ত পরিষেবা এই মঞ্চ থেকে পৌঁছে যাবে। মানিকচকে বৈদ্যুতিক সাবস্টেশন এবং চাঁচোলের সংশোধনাগার তৈরির

উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, তার সরকার, আম রপ্তানি করার সুবন্দোবস্ত করে দিয়েছে। জেলায় মাশরুম চাষ শুরু হওয়ায় তিনি খুশী ব্যক্ত করেন।

জেলায় ৪৭ লক্ষ বাড়ি তৈরি হলেও আরও বাড়ির প্রয়োজন রয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান। ১২ লক্ষ পরিবারের কাছে বাড়ি তৈরির ৬০ হাজার টাকা করে পৌঁছে দেওয়া হয়েছে বলে শ্রীমতি ব্যানার্জী উল্লেখ করেন। সরকারি পরিষেবা প্রদান অনুষ্ঠান মঞ্চে নিহত তৃণমূল কংগ্রেস কাউন্সিলার দুলাল সরকারের ছবিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে তিনি বলেন, এই খুনের ঘটনায় জড়িত কেউই ছাড় পাবে না।

বাইট

জেলা সফরের শেষ পর্যায়ে আগামীকাল মুখ্যমন্ত্রী আলিপুরদুয়ারের মাদারিহাটে এক সরকারি অনুষ্ঠানে যোগ দেবেন।

---------------------

আবাস যোজনার টাকা না পেয়ে আজ পুরুলিয়া জেলা তপশিলি জাতি বাউরি সমাজ কল্যাণ সমিতির পক্ষ থেকে পুর এলাকায় প্রতিবাদ মিছিল ও পুরসভা ঘেরাও করা হয়। বিক্ষোভকারীদের অভিযোগ, অনেক যোগ্য ব্যক্তিরই আবাস তালিকায় নাম নেই, অনেকেই যোজনার এক কিস্তি টাকা পাওয়ার পর বাকি টাকা না পেয়ে অসম্পূর্ণ বাড়িতেই বসবাস করতে বাধ্য হচ্ছেন, অনেকের নাম আবার তালিকায় থাকলেও তারা কোনো টাকা পান নি।

এই বিষয়ে পুরপ্রধান নবেন্দ্যু মাহালি বলেন, আবাস যোজনার প্রকল্পের টাকা নিয়ম অনুযায়ী শুরু হয়েছে। এই প্রকল্পের বাজেট ৮ কোটি টাকা। এক কোটি টাকা এপর্যন্ত দেওয়া হয়েছে। বাকি টাকা এলে দেওয়া হবে।

---------------------

সরকারি বিভিন্ন প্রকল্পের অগ্রগতির উপর কেন্দ্রীয় ভাবে নজরদারি চালাতে রাজ্য সরকার একটি বিশেষ পোর্টাল চালু করেছে। ইউনিফায়েড প্রজেক্ট ম্যানেজমেন্ট সিস্টেম সিস্টেম নামে ওই পোর্টালটির মাধ্যমে অর্থ দফতর অন্যান্য বিভিন্ন দফতরের অধীনে থাকা উন্নয়নমূলক প্রকল্পের কাজের তদারকি করবে।

ইতিমধ্যে পূর্ত, সেচ, পঞ্চায়েত, পুর ও নগরোন্নয়ন, জনস্বাস্থ্য কারিগরি, জলসম্পদ অনুসন্ধান দফতরকে এই পোর্টালের আওতায় আনা হয়েছে। এ ছাড়াও কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি-র অধীনে চলা বিভিন্ন প্রকল্পের উপরেও এই পোর্টাল মারফত নজরদারি করা হবে বলে অর্থ দফতর এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। প্রকল্প শুরু হওয়া থেকে রূপায়ণের বিভিন্ন ধাপে প্রতি আর্থিক বছরে বরাদ্দ হওয়া অর্থের খরচের তাৎক্ষণিক তথ্য ও কাজের অগ্রগতির পুঙ্খপুংখ পরিসংখ্যান ঐ পোর্টালে মজুত থাকবে। ফলে কেন্দ্রীয় ভাবে প্রকল্প নজরদারির কাজে সুবিধা হবে বলে মনে করা হচ্ছে।

---------------------

কেন্দ্রীয় মৎস্য, পশুপালন ও সংখ্যালঘু বিষয়ক প্রতিমন্ত্রী জর্জ কুরিয়ান আজ উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরে কেন্দ্রীয় অন্তর্দেশীয় মৎস্য গবেষণা কেন্দ্র (Central Inland Fisheries Research Institute- সিফরি) পরিদর্শন করেন। সিফরির প্রশিক্ষণে সুন্দরবনের যেসমস্ত মৎস্য চাষী উপকৃত হয়েছেন, তাদের সঙ্গে কথা বলেন তিনি। পরে কুরিয়ান সাংবাদিকদের বলেন, সিফরি থেকে দেওয়া পরামর্শ ও প্রশিক্ষণের ফলে মাছ চাষীদের আয় বেড়েছে। ক্লাইমেট রেসিলিয়েন্ট ফিসিং ভিলেজেস প্রকল্পের আওতায় রাজ্য

সরকারের নির্বাচিত প্রত্যেক গ্রামকে মাছ চাষের জন্য দু কোটি টাকা দেবে কেন্দ্রীয় সরকার।

---------------------

যক্ষ্মা মুক্ত ভারত গঠনে সরকার একাধিক পদক্ষেপ নিয়েছে। শুরু হয়েছে ১০০ দিনের বিশেষ কর্মসূচি। এই নিয়ে বিশেষ আলোচনায় পশ্চিমবঙ্গ সরকার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সিনিয়র মেডিক্যাল অফিসার ডাক্তার স্বপ্না মুখোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ কলকাতা প্রযোজিত এই অনুষ্ঠানটি শোনা যাবে আগামীকাল রাত ৯:৩০ মিনিটে গীতাঞ্জলি, ১০৭ প্রচার তরঙ্গ ও ডি টি এইচ বাংলায় এবং আমাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------------

কোলকাতা মেট্রোর গ্রীনলাইন-এ আজ শিয়ালদা থেকে এসপ্লানেড স্টেশন পর্যন্ত প্রথম পরীক্ষামূলকভাবে ট্রেন চালানো হয়। ট্রেনটি আজ সকাল ১১-টা কুড়ি মিনিটে শিয়ালদা থেকে ছেড়ে, দুই দশমিক ৬ তিন কিলোমিটার যাত্রা শেষ করে ১১ টা ৩১ মিনিটে এসপ্লানেড পৌঁছায়। মেট্রো রেলের জেনারেল ম্যানেজার এবং কলকাতা মেট্রো রেল কর্পোরেশন লিমিটেডের চেয়ারম্যান পি উদয় কুমার রেড্ডী সহ, রেলের অন্য আধিকারিকরা আজ পরীক্ষামূলক ট্রেনটির ভেতরে থেকে যাবতীয় ব্যবস্থা খতিয়ে দেখেন।

---------------------

পশ্চিম বর্ধমানের সালানপুরের ডালমিয়া কোলিয়ারি এলাকায় জল সরবরাহের জন্য পাইপ বসানোর কাজ করতে গিয়ে আজ মাটি চাপা পড়ে তিনজন শ্রমিকের মৃত্যু

হয়েছে। আরো একজন গুরুতর আহত অবস্থায় জেলা হাসপাতালে চিকিৎসাধীন। এরা সকলেই জলজীবন মিশনের আওতায় জন স্বাস্থ্য কারিগরী দপ্তরের অধীনে পাইপ লাইন বসানোর কাজ করছিল।

খবর পেয়ে ঘটনাস্থলে আসে সালানপুর থানার পুলিশ। চার শ্রমিককে উদ্ধার করে আসানসোল জেলা হাসপাতালে পাঠানো হলে চিকিৎসকরা তিনজনকে মৃত ঘোষণা করেন।

ঘটনাস্থল পরিদর্শনে যান আসানসোলের মহকুমাশাসক বিশ্বজিত্ ভট্টাচার্য্য, সালানপুরের বিডিও রুশালি কালের এলং স্বাস্থ্য কারিগরি দপ্তরের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার সন্দীপ কুন্ডু। সন্দীপ বাবু জানান, ওয়েল্ডিং করে মাটির নীচে পাইপ বসানোর সময় কম্পনের জেরে ওপরে জমা করে রাখা মাটি ধসে পড়ে এই দুর্ঘটনা ঘটেছে। আহত ও মৃতদের পরিবারের পাশে থাকার আশ্বাস দেন তিনি।

---------------------

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ স্বামী বিবেকানন্দের ১৬৩ তম জন্মতিথি পালিত হচ্ছে। স্বামীজীর প্রতি শ্রদ্ধা জানাতে সিমলা স্ট্রিট ও বেলুড় মঠে সকাল থেকেই ভক্ত সমাগম.ব্যারাকপুর রামকৃষ্ণ বিবেকানন্দ মঠ ও মিশনে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে পালন করা হচ্ছে ও স্বামীজীকে স্মরণ করা হচ্ছে। মিশনের স্কুলের পড়ুয়ারা দুপুরে ও সন্ধ্যায় বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন। দুপুরে ভক্তদের প্রসাদ বিতরণ করা হয়।

---------------------

১৪৪ বছর পরে মহাকুম্ভের যোগকে কেন্দ্র করে প্রয়াগরাজের ত্রিবেণী সংগমে অমৃত যোগে ৭ কোটির বেশি তীর্থযাত্রী স্নান সেরেছেন। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

---------------------

ইডেনে আগামীকাল ভারত ও ইংল্যান্ড টি -২০ ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচে মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাতটায়। এক বছরেরও বেশি সময় পর ভারতের জার্সিতে মাঠে নামতে চলেছেন মহম্মদ শামি। টি -২০ বিশ্বকাপ জয়ের পর টি -২০ ক্রিকেটে ভালো পারফরম্যান্স দেখিয়েছে ভারত। শ্রীলঙ্কা, বাংলাদেশ ও দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে সিরিজ জয় করেছে সূর্যকুমার যাদবের নেতৃত্বাধীন ভারতীয় দল। ফলে আত্মবিশ্বাস নিয়েই সিরিজে নামছে ভারত। অন্যদিকে, ব্রেন্ডন ম্যাকালাম এই সিরিজ থেকেই সীমিত ওভারের ক্রিকেটেও ইংল্যান্ড দলের কোচ হিসেবে কাজ শুরু করছেন। ম্যাচের ২৪ ঘন্টা আগে জস বাটলারের নেতৃত্বাধীন ইংল্যান্ড দলের প্রথম একাদশ ঘোষণা করা হয়েছে। দলে রয়েছেন ফিল সল্ট, বেন ডাকেট, হ্যারি ব্রুক, লিয়াম লিভিংস্টোন, জেকব বেথেল, জেমি ওভারটন, গাস এটকিনসন, জোফরা আর্চার, আদিল রশিদ ও মার্ক উড। ম্যাচ উপলক্ষ্যে কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

---------------------

ক্রিকেট প্রেমীদের খেলা দেখে বাড়ি ফেরার সুবিধার্থে আগামীকাল কলকাতার ইডেন গার্ডেনে আন্তর্জাতিক T -20 ক্রিকেট ম্যাচ উপলক্ষ্যে পূর্ব রেল রাতে ১২ কোচের দুটি EMU বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। একটি EMU স্পেশাল প্রিন্সেপ ঘাট থেকে আগামীকাল রাত ১১ টা ৫০ মিনিটে বারাসাত এর উদ্দেশে, এবং আরেকটি ট্রেন

B B D BAG থেকে রাত ১২ টা দুই মিনিটে বারুইপুর এর উদ্দেশে চালানো হবে বলে রেল সূত্রের খবর।

---------------------

চেন্নাইয়ের জওহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট, চেন্নাইয়িন এফসির মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে, খেলা গোলশূন্য রয়েছে।

দুটি দলই ১৬ টি করে ম্যাচ খেলেছে। মোহনবাগান ১৬ ম্যাচে ৩৬ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় শীর্ষে আছে।সমসংখ্যক ম্যাচে ১৭ পয়েন্ট নিয়ে চেন্নাইয়িন দশম স্থানে রয়েছে।

--------------------- ---------------------